



বাংলাদেশ প্রবাসী উন্নয়ন সমিতি

EXPATRIATES DEVELOPMENT SOCIETY OF BANGLADESH

(প্রবাসীদের জীবন যাপনের মান উন্নয়ন ও সহযোগিতাই আমাদের লক্ষ্য)

সূত্র নং. EDSB/MEWOF/2/14-2

তারিখ : ১৭ই সেপ্টেম্বর ২০১৪

বরাবর,

ড: বন্দুকার শওকত হোসেন
মাননীয় সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ভবন, ইসকাটন রোড, ঢাকা, বাংলাদেশ।
ইমেইল : secretary@probashi.gov.bd

বিষয় : ইতালীতে বাংলাদেশ দ্বিপাক্ষিক ইমিগ্রেশন সহযোগিতা চুক্তি করণ ও বাংলাদেশীদের জন্য ইতালীর শ্রমবাজারে পুনরায় উন্মুক্ত করণ প্রসঙ্গে।

মাননীয় সচিব মহোদয়,

যতযথ সম্মানপূর্বক নিবেদন এই যে, আপনি অবগত আছেন যে, ২০০২ সালে বাংলাদেশের শ্রমিকদের সরকারী প্রক্রিয়ায় ইতালীতে প্রেরণের লক্ষ্যে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের জন্য আমরা উদ্যোগী ভূমিকা পালন করে ইতালীতে শ্রমিক প্রেরণ সংক্রান্ত ইমিগ্রেশন চুক্তি সম্পাদন করতে সরকারকে উৎসাহিত করি। পরবর্তিতে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করে সরকারকে সহযোগিতা করা হয়। যার ফলশ্রুতি ২০০৪ সাল হতে ২০১২ সাল পর্যন্ত বিগত ৮ বছরে বাংলাদেশ হতে ইতালীতে প্রায় ১ লাখ বাংলাদেশী শ্রমিকদের স্পর্শ : ভিসা, সাধারণ কাজের ভিসা, সিজনাল কাজের ভিসা, মনিটরিং কর্মীদের ভিসা, মাল্টি-ইন্ট্রা-সেক্টরাল ভিসা, ইত্যাদি প্রকারে ইতালীতে প্রেরণ করা হয়েছে।

আরো অবগত আছেন যে ২০০৪ সালে কূটনৈতিক উদ্যোগের মৌলিক সংবোধনার মাধ্যমে বাংলাদেশী নাগরিকদের জন্য ইতালীর শ্রম বাজার উন্মুক্ত করা হলেও যখন চুক্তি স্বাক্ষরিত না হবার কারণে ২০১৩ সাল হতে ইতালীর সরকার বাংলাদেশের নাগরিকদের জন্য প্রদত্ত সুযোগ স্থগিত করেছে। এতে করে ইউরোপীয় একটি দেশে বাংলাদেশী নাগরিকদের অভিবাসন হবার যে সুযোগ তা বন্ধ হয়ে আছে।

আমরা মনে করি বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ইতালী বিষয়ক একটি সেল গঠন করে ইতালী সরকারের সাথে দ্বিপাক্ষিক বিষয়ে পর্যালোচনা করে সময় উপযোগী কূটনৈতিক পদক্ষেপ গ্রহন করলে ইতালীতে বাংলাদেশী অভিবাসী শ্রমিকদের শ্রমবাজারে ও শ্রমমুখী কারিগরি শিক্ষার বাজারে প্রবেশের বিশাল সুযোগ রয়েছে।

আমরা আপনাবার সদয় অসহযোগিতা জন্য আরো জানাচ্ছি যে, ইতালী ও বাংলাদেশের সরকারী ভাবে দ্বিপাক্ষিক চুক্তি করার প্রক্রিয়া দীর্ঘ ও উদ্যোক্তা হিসাবে এ বিষয়ে বাংলাদেশ সরকারের বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ও সরকারের যে কোন প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা করার মত আইনী ও কারিগরি দক্ষতা আমরা প্রস্তুত করি।

বিনীত নিবেদনে।



শাহ মোহাম্মদ তাহির রহমান
নির্বাহী পরিচালক

Expatriates Development Society of Bangladesh,

Head office : Section 6, Block D, Road nr.8 House 13, Mirpur, Dhaka 1216, Bangladesh 1216.

Tel: +88 0171 5063157 www.edsb88.com/probashi/bd Email: proba_hu@talhangla.net